

## পানিহাটির ঐতিহ্যময় ৫০২ তম

### দন্ডমহোৎসবে লক্ষাধিক মানুষের সমাগম

নিজস্ব প্রতিনিধি: গত ২৫ এবং ২৬ জুন পানিহাটি মহোৎসবতলা ঘাটে অনুষ্ঠিত হয়ে গেল ৫০২-তম চিঁড়া-দহি উৎসব বা দন্ডমহোৎসব। এই উৎসব শ্রী চৈতন্য মহাপ্রভু এবং শ্রী নিত্যানন্দ মহাপ্রভু, বৈষ্ণবদের প্রচুর ধর্মীয় মূল্যের সাথে সম্পর্কিত। প্রতি বছর শুক্লা ত্রয়োদশী তিথি বা জুন মাসে এই উৎসবের আয়োজন করা হয়। গত ২৪ জুন সন্ধ্যায় পানিহাটি দন্ডমহোৎসবের শুভ সূচনা উপলক্ষে একটি ওয়েবসাইটের ([Panihatichidautsav.in](http://Panihatichidautsav.in), [dandamahotsav.in](http://dandamahotsav.in)) উদ্বোধন করেন পৌরসভার পৌরপ্রধান স্বপন ঘোষ। উক্ত অনুষ্ঠানে প্রখ্যাত আবৃত্তিকার ও সঞ্চালক ডঃ অরুণ বন্দ্যোপাধ্যায় সকলকে স্বাগত জানান। এছাড়াও উপস্থিত ছিলেন পৌরসভার, পৌরপিতা ও পৌরমাতাগণ এবং বিশিষ্ট ও সাধারণ মানুষ। অনুষ্ঠানে বক্তব্য রাখেন পানিহাটির ইন্সন মহারাজ রাধা গোবিন্দ দাশ, সুনীল বন্দ্যোপাধ্যায় এবং আরো অনেকে। এই অনুষ্ঠানে এসেছিলেন বারাকপুর মহকুমার উচ্চপদস্থ পুলিশ আধিকারিক এবং খড়দহ থানার ভারপ্রাপ্ত আই. সি মৃত্যুঞ্জয় ব্যানার্জী। স্থানীয় পানিহাটি দন্ড মহোৎসবের যে ঐতিহাসিক গুরুত্ব ও ঐতিহ্য রয়েছে তাই মূলত তুলে ধরা হয়েছে এই সমগ্র ওয়েবসাইটটির মাধ্যমে। ডঃ শেখর শেঠ ও DRS Tech-এর সহকর্মী বৃন্দের সহায়তায় এই ওয়েবসাইটটির রূপায়নের জন্য সকল অতিথিবৃন্দ ভূয়সী প্রশংসা করেন। প্রতি বছরের ন্যায় এ বছরও দেশ বিদেশ থেকে লক্ষাধিক ভক্ত সমাগমে ও হরি নাম সংকীর্তনে মুখরিত হয়ে উঠেছিল মহোৎসব তলা। পানিহাটি পৌরসভা-র পক্ষ থেকে যথাযথভাবে তাদের সুরক্ষা এবং সহযোগিতারও ব্যবস্থা করা হয়। কারোর

কোন রকম শারীরিক অসুস্থতা হলে যাতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যায় তার জন্য জায়গায় জায়গায় তৈরি করা হয়েছিল ‘হেলথ ক্যাম্প’। ছিল ভিড়ে হারিয়ে যাওয়া মানুষদের পুনরায় মিলিয়ে দেবার জন্য “অনুসন্ধান কেন্দ্র”। খড়দা পুলিশ বিভাগও তাদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিলেন। এ ব্যাপারে যথেষ্ট পুলিশ নিয়োগ করা হয়েছিল এই দুই দিন সকলের সাহায্যার্থে। এছাড়াও ছিল ড্রোন ও সি. সি. টিভি দ্বারা নজরদারি। এই মহোৎসব উপলক্ষে প্রতিবারের ন্যায় এবারেও একটি মেলা বসেছিল মহোৎসব তলা ঘাট সংলগ্ন মাঠ প্রাঙ্গণে, নানা জিনিসের পসরা সাজিয়ে হাজির হয়েছিল দোকানীরা বিকি কিনির আশায়। ভক্ত সমাগম, হরি ধ্বনি না সংকীর্তন সব মিলিয়ে এ বারের মহোৎসবও ছিল বেশ জমজমাট।

